

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর  
৩২, এস.এম. মোর্শেদ সরণী  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭।  
[www.nanl.gov.bd](http://www.nanl.gov.bd)

স্মারক নম্বর- ৪৩.২৫.০০০০.০০২.১৬.০০৫.০৬.২৩০৫

তারিখ : ১৬ কার্তিক ১৪৩০  
০১ নভেম্বর ২০২৩


**বিষয় : বাংলাদেশ ওয়াকফ প্রশাসকের কার্যালয়ের গুরুত্বপূর্ণ এস্টেটসমূহের দলিলের নকল কপি, গুরুত্বপূর্ণ মসজিদ ও মাজারের ছবি, ভিডিও ক্লিপ ইত্যাদি বাংলাদেশ জাতীয় আরকাইভসে স্থায়ীভাবে সংরক্ষণের জন্য প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: এ কার্যালয়ের স্মারক নং: ৪৩.২৫.০০০০.০০২.১৬.০০৫.০৬.২২২৬ তারিখ: ২৩ অক্টোবর ২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে গত ২৬/১০/২০২৩ খ্রি: তারিখে আরকাইভাল নথিপত্র পরিদর্শন ও সচেতনতামূলক মতবিনিময় সভায় সহযোগিতার জন্য আন্তরিক ধন্যবাদ জানানো হলো।

০২। বাংলাদেশ জাতীয় আরকাইভস আইন, ২০২১ এর ১০ ধারা অনুযায়ী বাংলাদেশ জাতীয় আরকাইভস দেশের সরকারি, আধাসরকারি এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের ২৫ বছরের উর্ধ্বের ঐতিহাসিক গুরুত্বপূর্ণ রেকর্ড/নথিপত্র, প্রকাশনা, ছবি, ম্যাপ, পোস্টার ইত্যাদি সংগ্রহ, সংরক্ষণ, ব্যবস্থাপনা এবং পরিচর্যা করে। এছাড়াও সচিবালয় নির্দেশমালা ২০১৪ এর ৯৬ ধারায় 'ক' শ্রেণির মূল্যবান নথিসমূহ 'জাতীয় আরকাইভস'-এ স্থানান্তরের বিধান রয়েছে। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগেরও নির্দেশনা রয়েছে।

এমতাবস্থায়, ওয়াকফ প্রশাসনের আওতাধীন ঐতিহ্যবাহী ও গুরুত্বপূর্ণ এস্টেটসমূহের রেকর্ডপত্র বিশেষ করে এস্টেটসমূহের দলিলের নকল কপি, গুরুত্বপূর্ণ মসজিদ ও মাজারের ছবি, ভিডিও ক্লিপ ইত্যাদি বাংলাদেশ জাতীয় আরকাইভসে স্থায়ীভাবে সংরক্ষণের নিমিত্ত প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সনির্বন্ধ অনুরোধ করা হলো।

  
(ড. খান মোঃ নুরুল আমিন)  
মহাপরিচালক  
(অতি. সচিব)  
ফোন : +৮৮-০২-২২২২১৮৩৪৬  
ইমেইল : dg@nanl.gov.bd

ওয়াকফ প্রশাসক

বাংলাদেশ ওয়াকফ প্রশাসকের কার্যালয়

৪ নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০।

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):—**

- ১। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রোগ্রামার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। উপপরিচালক (আরকাইভস), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৫। সহকারী পরিচালক (আরকাইভস), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৬। মহাপরিচালকের একান্ত সহকারী, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।